# আল-আ'লা | Al-A'la | ٱلْأَعْلَىٰ

আয়াতঃ ৮৭ : ১

## আরবি মূল আয়াত:

سَبِّحِ اسْمَ رَبِّكَ الأَعلَى ﴿١﴾

## অনুবাদসমূহ:

তুমি তোমার সুমহান রবের নামের তাসবীহ পাঠ কর, — আল-বায়ান

তোমার মহান প্রতিপালকের নামের পবিত্রতা ও মহিমা ঘোষণা কর। — তাইসিরুল

তুমি তোমার সুমহান রবের নামের পবিত্রতা ও মহিমা ঘোষণা কর। — মুজিবুর রহমান

Exalt the name of your Lord, the Most High, — Sahih International

১. আপনি আপনার সুমহান রবের নামের পবিত্রতা ও মহিমা ঘোষণা করুন(১),

(১) আল্লাহ তা'আলা বান্দাদেরকে তার তাসবীহ বা পবিত্রতা ও মহিমা ঘোষণা করার নির্দেশ দিচ্ছেন। যে পবিত্রতা ঘোষণার মাধ্যমে আল্লাহর যিকির, ইবাদাত, তাঁর মাহাত্মের জন্য বিনয় ও দীন-হীনাতা প্রকাশ পায়। আর তাঁর তাসবীহ যেন তাঁর সত্তার মাহাত্মা উপযোগী হয়। যেন তাকে তাঁর সুন্দর সুন্দর নামসমূহ দিয়েই সেগুলোর মহান অর্থের প্রতি লক্ষ্য রেখেই কেবল আহ্বান করা হয়। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

১। তুমি তোমার সুমহান প্রতিপালকের নামে পবিত্রতা ও মহিমা ঘোষণা কর। [1]

[1] ঐ সব জিনিস থেকে পবিত্র যা তাঁর জন্য শোভনীয় বা উপযুক্ত নয়। হাদীসে বর্ণিত হয়েছে যে, নবী (সাঃ) এই সূরাটির প্রথম আয়াতের জওয়াবে ‘সুবহানা রাব্বিয়াল আ’লা’ বলতেন। (মুসনাদে আহমাদ, আবু দাউদ নামায অধ্যায়, নামাযে দু’আর পরিচ্ছেদ শায়খ আলবানী এটাকে সহীহ বলেছেন।)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5949

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন